শীঘ্রই এমন শাসক আসবে যারা মিথ্যা বলবে এবং অন্যায় করবে। যে তাদের মিথ্যাকে সত্য বলবে এবং তাদের অন্যায় কাজে সাহায্য করবে সে আমার দলভুক্ত নয় এবং আমিও তার দলভুক্ত নই

হুযায়ফা রাদিয়াল্লাহু ‘আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম হতে
বর্ণিত, তিনি বলেন: "শীঘ্রই এমন শাসক আসবে যারা মিথ্যা বলবে এবং অন্যায় করবে। যে
তাদের মিথ্যাকে সত্য বলবে এবং তাদের অন্যায় কাজে সাহায্য করবে সে আমার দলভুক্ত নয়
এবং আমিও তার দলভুক্ত নই এবং সে আমার কাছে কূপের ধারে আসবে না। আর যে তাদের মিথ্যাকে সত্য বলবে না এবং তাদের অন্যায় কাজে সাহায্য করবে না সে আমার দলভুক্ত এবং আমিও তার দলভুক্ত এবং সে আমার কাছে কূপের ধারে আসবে।" [সহীহ] [এটি আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, তাঁর মৃত্যুর পর এমন শাসক আসবে যারা কথায় মিথ্যা বলবে এবং যা করবে না তা বলবে এবং শাসনে তারা অন্যায়কারী হবে। সুতরাং যে কেউ তাদের কাছে যাবে এবং তাদের মিথ্যাকে সত্য বলবে, অথবা অন্যায় কাজ করে অথবা কথার মাধ্যমে তাদের সাহায্য করবে যেমন তাদের নৈকট্য লাভের চেষ্টা করে এবং তাদের কাছে যা আছে তার আশা করে তাদের স্বার্থে ফতোয়া জারি করা; তাহলে আমি তার থেকে বিচ্ছিন্ন এবং সে আমার দলের নয় আর আমিও তার দলের নই এবং কিয়ামতের দিন হাউজে কাউসারে আমার কাছে আসবে না। আর যে ব্যক্তি তাদের কাছে যাবে না এবং তাদের মিথ্যাচারকে সত্য বলবে না এবং তাদের অন্যায় কাজে তাদের সাহায্য করবে না, সে আমার দলের আর আমিও তার দলের আর সে কিয়ামতের দিন আমার কাছে হাউজে কাউসারে আসবে।

http://sunnah.global/hadeeth/bn/show/66197